দৈনিক সংবাদ ৯৪

তারিখ .. 30 MAY 1990
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৭ ...

চট্টগ্রামে আজ ছাত্র ধর্মঘট ।। কাল হরতাল

# আবারও শিবিরের হামলা চাকসুর ভিপিসহ আহত ৭

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ২৯শে মে ।-আজ সকালে চট্টগ্রাম মেডিক্যাল কলেজ চত্বরে ইসলামী ছাত্র শিবিরের সশস্ত্র কর্মীদের হামলায় চাকসু'র ভিপিসহ ৭ জন আহত হয়েছে। শিবিরকর্মীরা বিশ্ববিদ্যালয়ে একটি মাইক্রোবাস ভাঙচুর করে।

গতকাল ও আজ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়সহ শহরের বিভিন্ন স্থানে শিবিরের সশস্ত্র সন্ত্রাসী তৎপরতার প্রতিবাদে চাকসু ও সর্বদলীয় ছাত্র ঐক্য আগামী বৃহস্পতিবার চট্টগ্রামে ৬ ঘন্টা হরতাল এবং কাল বুধবার বিশ্ববিদ্যালয়ে ছাত্র ধর্মঘট ডেকেছে।

গতকাল বিশ্ববিদ্যালয় শিবিরকর্মীরা শাহ আমানত হল, শাহজালাল হল ও এফ রহমান হলেও

( শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ )

## হামলার নিন্দা ও প্রতিবাদ

বিভিন্ন রাজনৈতিক ও ছাত্র সংগঠন গত সোমবার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে সাধারণ ছাত্রদের ওপর ইসলামী ছাত্র শিবিরের অতর্কিত হামলার তীব্র নিন্দা ও প্রতিবাদ করেছে

( শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ )

## শিবিরের হামলা

(১ম পাতার পর)

কয়েক দফা হামলা চালায়। এতে ৬ জন ছাত্র আহত হয়। তারা কয়েকটি রুম ভাঙচুর করে।

শিবিরকর্মীরা কলেজ চত্বরে লাঠি, ছোরা ও লোহার রড নিয়ে আজ মিছিল বের করে। এক পর্যায়ে তারা ওয়ার্ডেও ঢুকে পড়ে এবং সাধারণ ছাত্রছাত্রীদের ধাওয়া করে।

বেলা ১১টার দিকে শিবিরকর্মীরা উপাচার্যের গাড়ী ঘেরাও করে এবং তাঁর সাথে অশোভন আচরণ করে।

একই সময়ে তারা বিশ্ববিদ্যালয়ের মাইক্রোবাসে (চট্ট-মেট্রো-ব-২২৯) হামলা চালালে চাকসু নেতৃবৃন্দ আহত হন। আহত অবস্থায় তাঁদের টেনেহিঁচড়ে উষ্টরস হোটেলের একটি কক্ষে আটকে রাখে। শিবিরকর্মীরা বেলা সাড়ে ১১টায় মাইক্রোবাসটি ভাঙচুর করে এবং গাড়ীচালক রুস্তমকে মারধর করে। এ সময় সেখানে অবস্থানরত ছাত্রলীগ (হা-অ) সভাপতি হাসান মাহমুদের ওপরও আক্রমণ করে। বেলা ১২টার দিকে পুলিশ ঘটনাস্থলে এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

### সিন্ডিকেটের জরুরী সভা

গতকাল চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্র আহত হওয়ার ঘটনায় ও উদ্ভূত পরিস্থিতি সম্পর্কে আজ সকাল ৮টায় সিন্ডিকেটের এক জরুরী সভা উপাচার্য প্রফেসর আলমগীর মোহাম্মদ সিরাজউদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। অধ্যাপক আলী ইমদাদ খানকে সভাপতি এবং অধ্যাপক শফিক হায়দার চৌধুরী ও অধ্যাপক মাহফুজুল হককে সদস্য করে একটি তদন্ত কমিটি গঠন করা হয়।

### মেডিক্যাল বোর্ড গঠন

শিবিরের হামলায় মারাত্মকভাবে আহত ছাত্রলীগ (হা-অ) নেতা সাজেদুল করিমের চিকিৎসার জন্য ডাঃ এল,এ. কাদেরীর নেতৃত্বে একটি মেডিক্যাল বোর্ড গঠন করা হয়েছে।

### ছাত্র ধর্মঘট পালিত

ইসলামী ছাত্র শিবিরের সশস্ত্র হামলার প্রতিবাদে চাকসু ও সর্বদলীয় ছাত্র ঐক্যের আহ্বানে আজ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়সহ নগরের 'সবক'টি শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র ধর্মঘট পালিত হয়েছে।

## হামলার নিন্দা

(১ম পাতার পর)

এবং এই হামলার জন্য দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করার জন্য কর্তৃপক্ষের কাছে দাবী জানিয়েছে।

গতকাল মঙ্গলবার অনুষ্ঠিত সিপিবির কেন্দ্রীয় কমিটির সভায় গৃহীত প্রস্তাবে বলা হয়েছে যে, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা যখন মওদুদীবাদীদের হাতে নিহত শাহাদাৎ হোসেন স্মরণে সভা করছিলেন, তখন মওদুদীবাদীরা তাদের ওপর হামলা চালায়। প্রস্তাবে এই হামলার তীব্র নিন্দা করা হয়।